

# সমকাল

প্রকাশ : ০৭ জানুয়ারি, ২০১৭ ০০:০০:০০

এনআইইটি

## আইটিবিষয়ক ৩টি কোর্স

ফারজানা আক্তার

তথ্যপ্রযুক্তিতে বেশ দ্রুতই এগিয়ে যাচ্ছে দেশ। আর এগিয়ে নেওয়ার লক্ষ্যেই প্রতিনিয়ত নেওয়া হচ্ছে প্রশিক্ষণসহ নানা উদ্যোগ। আইটি সেক্টরের আওতায় শিক্ষা প্রতিষ্ঠানে দক্ষতাবিষয়ক প্রশিক্ষণও প্রদান করা হয়। এ লক্ষ্যে ৬ ডিসেম্বর ফিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রামের (সেইপ) আওতায় আইটি দক্ষতাবিষয়ক প্রশিক্ষণ প্রদানের জন্য নবনির্বাচিত প্রতিষ্ঠান থেকে আন্ডারটেকিং গ্রহণ ও প্রশিক্ষণ কার্যক্রমের উদ্বোধন করা হয়। আইটিবিষয়ক ৩টি কোর্স- ওয়েব ডিজাইন অ্যান্ড ডেভেলপমেন্ট (ছয় মাস), প্রফেশনাল ফ্রিলান্সিং (৩ ও ৬ মাস) ও গ্রাফিক্স ডিজাইনে (৩ ও ৬ মাস) প্রশিক্ষণ চলবে। ঢাকা বিভাগে ন্যাশনাল ইনস্টিউট অব ইঞ্জিনিয়ারিং টেকনোলজিতে (এনআইইটি) চলবে এই প্রশিক্ষণ কার্যক্রম। প্রশিক্ষণ কার্যক্রমে যথাক্রমে এইচএসসি বা ডিপলোমা পাস ২০ থেকে ৪৫ বছর বয়সীরা ও মাসের ও ১৮ থেকে ৪৫ বছর বয়সীরা ৬ মাসের কোর্সে অংশ গ্রহণ করতে পারবেন। বাংলাদেশ ব্যাংকের এসএমই অ্যান্ড স্পেশাল প্রোগ্রামস বিভাগের কনফারেন্স রুমে অনুষ্ঠিত সেইপ প্রজেক্ট কো-অর্ডিনেশন ইউনিট কর্তৃক বাস্তবায়নাধীন ফিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট (সেইপ) প্রকল্পের আওতায় আইটি-বিষয়ক দক্ষতা উন্নয়নের লক্ষ্যে এর ফ্রি প্রশিক্ষণ পরিচালনা চুক্তি স্বাক্ষরিত হয়। সেইপ প্রজেক্টের আওতায় (Tranche-1) সারাদেশে ৩ বছরে মোট ১০,২০০ জনকে বিভিন্ন ট্রেড কোর্সে আউটসোর্সিং প্রতিষ্ঠানের মাধ্যমে এনআইইটি ও এনএফটিতে প্রশিক্ষণ চলছে। যার মাধ্যমে ৩ মাসমেয়াদি আবাসিক প্রশিক্ষণ প্রফেশনাল ফ্রিলান্সিং, গ্রাফিক্স ডিজাইন, ৬ মাস মেয়াদি নন আবাসিক প্রশিক্ষণ ওয়েবসাইট ডিজাইন অ্যান্ড ডেভেলপমেন্ট, প্রফেশনাল ফ্রিলান্সিং, গ্রাফিক্স ডিজাইন- এই প্রকল্পের আগে তরুণদের দক্ষতা উন্নয়নের মাধ্যমে এসএমই খাতে উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে এমএডবিল্গওটিএস, ইউসিইপি বাংলাদেশ, টিএমএসএস, উদ্ধীপন, বিআইআইটি ইঞ্জিনিয়ার্স লিমিটেড, অ্যাসোসিয়েশন অব প্রাসরাণ্টস উইম্যান এন্টারপ্রেনারস বাংলাদেশ (এজিডবিল্গওইবি), পিচ অ্যান্ড রাইটস ডেভেলপমেন্ট অব সোসাইটি (পিআরডিএস) কর্তৃক পরিচালনা করা হচ্ছে বিভিন্ন ট্রেড কোর্সে দক্ষতাবিষয়ক প্রশিক্ষণ। যোগাযোগ : ৬৯/ই, গ্রিন রোড, পান্তপথ, ঢাকা। ফোন : ০১৯৫৫২৯৭০০।

Print

ফোন : ৮৮৭০১৭৯-৮৫ ৮৮৭০১৯৫

ফ্যাক্স : ৮৮৭০১৯১ ৮৮৭৭০১৯৬

সম্পাদক : গোলাম সারওয়ার

বিজ্ঞাপন : ৮৮৭০১৯০

প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা ঢাকা - ১২০৮